
শেখ হাসিনা ছাড়া দেশ অচল, পাগলা মসজিদের দানবাক্সে চিঠি



ছবি: সংগৃহীত

কিশোরগঞ্জের ঐতিহাসিক পাগলা মসজিদের দানবাক্সে এবার পাওয়া গেল সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে লেখা একটি চিঠি। এতে তাঁকে দেশে ফিরিয়ে দেওয়ার জন্য আল্লাহর কাছে প্রার্থনা করেছেন লেখক। একই সঙ্গে চিঠিতে লেখা হয়েছে, শেখ হাসিনা ছাড়া দেশ অচল।

শনিবার (২১ নভেম্বর) মসজিদের দানবাক্স খুলে টাকা গণনার সময় চিঠিটি পাওয়া যায়। এর শুরুতে বিসমিল্লাহির রাহমানির রাহিম লেখার পর রয়েছে জয় বাংলা-জয় বঙ্গবন্ধু স্লোগান। চিঠিতে লেখক দাবি করেছেন, দেশের মানুষ শেখ হাসিনাকে আবারও ফিরে পেতে চায়। তাঁর ভাষায়, এ দেশ শেখ হাসিনার কাছেই নিরাপদ, অন্য কারও কাছে নয়। তাঁকে আবার বাংলাদেশের মাটিতে ফিরিয়ে দেওয়ার জন্য মহান আল্লাহর কাছে প্রার্থনার কথাও লিখেছেন তিনি।

চিঠির শেষাংশে বাংলার ১৮ কোটি মানুষের দাবির কথা উল্লেখ করা হয়েছে। সেখানে শুভেচ্ছান্তে পরিচয় হিসেবে লেখা রয়েছে ‘কেন্দুয়া থানা আওয়ামী লীগ’।

পাগলা মসজিদে মানুষ নানা মানত ও মনোবাসনা পূরণের আশায় দান করেন। দানবাক্সে টাকা-পয়সার পাশাপাশি অনেক সময় নিজেদের চাওয়া-পাওয়া ও ব্যক্তিগত অনুভূতির কথাও লিখে জমা দেন অনেকে। বিশেষ করে শুক্রবার দেশের বিভিন্ন প্রান্ত থেকে বিপুলসংখ্যক মুসল্লি মসজিদটিতে নামাজ আদায় ও দান করতে আসেন।